

## বর্ডার গার্ড বাংলাদেশ প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা : ০২ মার্চ ২০১৯

**বিজিবির অভিযানে ফেব্রুয়ারি-২০১৯ মাসে ৬৬ কোটি ৬৩ লক্ষ ৪১ হাজার টাকার চোরাচালান ও মাদকদ্রব্য জব্দ**

বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) গত ফেব্রুয়ারি-২০১৯ মাসে দেশের সীমান্ত এলাকাসহ অন্যান্য স্থানে অভিযান চালিয়ে সর্বমোট ৬৬ কোটি ৬৩ লক্ষ ৪১ হাজার টাকা মূল্যের বিভিন্ন প্রকারের চোরাচালান ও মাদক দ্রব্য জব্দ করতে সক্ষম হয়েছে। জব্দকৃত মাদকের মধ্যে রয়েছে ৮,৪৫,৪৮৩ পিস ইয়াবা ট্যাবলেট, ৩৫,৯৪৪ বোতল ফেনসিডিল, ৭,৮১৪ বোতল বিদেশী মদ, ২৭৭ লিটার বাংলা মদ, ৪০৯ ক্যান বিয়ার, ৭৬৯ কেজি গাঁজা, ১ কেজি ৭১৫ গ্রাম হেরোইন, ১৩০০টি নেশা জাতীয় ট্যাবলেট, ১১,৯৩,৪৩০টি অন্যান্য ট্যাবলেট এবং ৪৪,৮৬৯টি এ্যানেগ্রা/সেনেগ্রা ট্যাবলেট। জব্দকৃত অন্যান্য চোরাচালান দ্রব্যের মধ্যে রয়েছে ৬ কেজি ৭৯৭ গ্রাম স্বর্ণ, ৭৬ কেজি রুপা, ৩,০০৫টি শাড়ি, ১,০৮৯টি খ্রীপিস/শার্টপিস, ১,৮৪৭টি তৈরী পোশাক, ৯১০টি ভারতীয় পিতলের মূর্তি, ৪৬,৫৩৩ ঘনফুট কাঠ, ২৬,৩৬২ কেজি চা পাতা, ৮টি ট্রাক, ৬টি পিকআপ, ৬টি প্রাইভেটকার, ১১টি সিএনজি চালিত অটোরিক্সা এবং ৪৫টি মোটর সাইকেল। উদ্ধারকৃত অস্ত্রের মধ্যে রয়েছে ৬টি পিস্তল, ৭টি ওয়ান শূটার গান, ২টি শর্টগান, ২টি দেশীয় বন্দুক, ৩টি দেশীয় তৈরি এলজি, ১টি পাইপ গান, ৫৪ রাউন্ড গুলি, ১০টি ম্যাগাজিন, ৬২টি কেলভেঞ্জ পাওয়ার জেল এবং ৪৪টি ইলেকট্রিক ডেটোনেটর ফিউজ। বিজিবি'র অভিযানে মাদক পাচারসহ অন্যান্য চোরাচালানে জড়িত থাকার অভিযোগে ২১৪ জন এবং অবৈধভাবে সীমান্ত অতিক্রমের দায়ে ৯০ জন বাংলাদেশী নাগরিককে আটক করে থানায় সোপর্দ করা হয়েছে।

প্ৰেস ৰিলিজ প্ৰেৰণ কৰা হযেছে আগামীকাল পত্ৰিকায় প্ৰকাশ কৰুন